



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি সমুদ্র পরিবহন অফিস
সরকারি কার্য ভবন-০১,
আগ্রাবাদ, চট্টগ্রাম।

নম্বর ১৮.১৭.১৫০০.৩০৪.১৮.০১৩.১৭.৬৭



অবিলম্বে

সীমিত

তারিখ: ৮ চৈত্র ১৪২৭

১৮ মার্চ ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

অত্র অফিসের সিডিসিপ্লাষ্ট সীফ্যারারদের অবগতির জন্য জানান যাচ্ছে যে -

নৌপরিবহন অধিদপ্তরের পত্র নং-০১.৪০১.০০৬.০৫৯.০০.০০ (এনআরএল)/১৮৩৪ তারিখ: ২৪-০৩-২০১৬ এবং পত্র নং- ৪০১.০০৬.০৫৯.০০.০০.২০০৫/৬৮৪৭ তারিখ: ১০-১২-২০১৪ ইং তারিখের পত্রের নির্দেশনামতে যে সকল সীফ্যারার সরকার নির্ধারিত চুক্তিপত্রে সাইন অনের এক মাসের মধ্যে জাহাজে যোগদান করছেন না বা জাহাজ থেকে নিষ্কৃতিপ্রাপ্তির এক মাসের মধ্যে চুক্তিপত্র হতে সাইন অফ করছেন না এবং সংশ্লিষ্ট অফিসকেও অবহিত করছেন না বা বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে জাহাজে যোগদান করেন নাই বা জাল-জালিয়াতির সংশ্লিষ্টতার অভিযোগ যাচাইয়ে প্রাথমিক সত্যতা পাওয়া গেছে বা তথ্য-উপাত্তভিত্তিক অভিযোগের সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়া যাচ্ছে তাদের সিডিসিতে বর্ণিত তথ্যাদি কেইচ-টু-কেইচ ভিত্তিতে অত্র অফিসের অন লাইন ডাটাবেজে আর্কাইভ করা হচ্ছে। এ বিষয়ে আলাদাভাবে কাউকে পত্রের মাধ্যমে জানানো হয় না।

২। সংশ্লিষ্ট সীফ্যারার তার তথ্য অন লাইনে দেখতে না পেলে নিম্নস্বাক্ষরকারীর নিকট (gso@gso.gov.bd) আবেদন সাপেক্ষে প্রকৃত তথ্য জানতে পারবেন। এছাড়া কোন সীফ্যারার চাকুরির সুযোগ পেলে বা অন্যান্য কারণ থাকলে; আবেদন প্রাপ্তির পর তা যাচাই করে কেইচ-টু-কেইচ ভিত্তিতে বিভিন্ন মেয়াদের জন্য তথ্য অনলাইনে দেয়া হচ্ছে।

৩। প্রতিদিন সকাল ৯ টা থেকে সরকারি সমুদ্র পরিবহন (শিপিং) অফিসে নাবিক নির্বাচনে উপস্থিত থাকার জন্য ওয়েবসাইটে সাধারণ নোটিশ প্রদান করা হয়েছে।

৪। সকাল ৯ টা থেকে সরকারি সমুদ্র পরিবহন (শিপিং) অফিসে উপস্থিত থাকার নিমিত্ত প্রতি সপ্তাহে নাবিক পদের সিনিয়রিটির ভিত্তিতে নাবিককে মোবাইলে অবহিত করা হয়ে আসছে।

৫। নাবিক নির্বাচনী প্রতিযোগিতায় অংশ গ্রহণ করার জন্য প্রতিদিন সকাল ৯ টা থেকে শিপিং অফিসে উপস্থিত থাকার লক্ষ্যে সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত অফিসের সাউন্ড সিস্টেমে প্রচার করা অব্যাহত আছে। তাই, আলাদাভাবে কাউকে নাবিক নির্বাচনের জন্য কলকার্ড বা নোটিশ প্রদান করা হচ্ছে না।

৬। নাবিক নির্বাচনের জন্য ওয়েব সাইটে নির্ধারিত ফরম প্রদান করা হয়েছে।

৭। চুক্তিপত্রে সাইন অন, সাইন অফের বিষয়ে ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

৮। চুক্তিপত্রে সাইন অনের এক মাসের মধ্যে জাহাজে যোগদান এবং জাহাজ থেকে অব্যাহতির এক মাসের মধ্যে চুক্তিপত্র থেকে সাইন অফের বিষয়ে ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

৯। নতুন, নবায়ন ও ডুপ্লিকেট সিডিসি ইস্যুর বিষয়ে ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

১০। শিপিং অফিসের সকল ধরণের কাজের বিষয়ে সকল সেবার্থীদের অবহিতকরণের স্বার্থে সিটিজেন চার্টার অফিসের কড়িডোরের দেওয়ালে দৃশ্যমান এবং ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।

১১। জাল-জালিয়াতি প্রতিরোধ সম্পর্কে অত্র অফিসের কড়িডোরে দেওয়ালে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ভূয়া সাইন অন/অফ, ভয়েজ এন্ডোসমেন্ট করালে এর সাথে সংশ্লিষ্ট জাহাজ মাস্টার/ম্যানিং এজেন্ট/সীফ্যারার দায়ী হবেন।

১২। এতদস্বত্ত্বেও অত্র অফিসে নাবিক নির্বাচন বা অন্যান্য কাজের বিষয়ে কোন ধরনের সমস্যা হলে বা তথ্যের প্রয়োজন হলে (gso@gso.gov.bd) তে বা ওয়েবসাইটে প্রকাশিত অভিযোগ বক্সে অভিযোগ দাখিল করতে পারেন।

১৩। তবে, সিডিসি ইস্যু, নাবিক নির্বাচন, নাবিক নির্বাচন, সাইন অন, সাইন অফজনিত কাজ সম্পাদনের পর আর কোন প্রকার অভিযোগ আমলে নেয়া হয়/হবে না। তাই, উক্ত কাজ সম্পাদনের পূর্বেই কাহারো কোন ধরনের অভিযোগ থাকলে অভিযোগ দায়ের করার জন্য পরামর্শ দেয়া হল।

অতএব, বর্ণিতাবস্থায় অত্র অফিসের সেবাকর্ম প্রত্যাশি সকল সেবার্থীদের সহযোগিতা কামনা করা হল।

১৮-৩-২০২১

মোঃ জাকির হোসেন চৌধুরী

সদয় অবগতি ও কার্যার্থে (সংশ্লিষ্ট ক্ষেত্রে) অনুলিপি প্রদান করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, নৌপরিবহন অধিদপ্তর (সদয় জ্ঞাতার্থে)
- ২) উপ-শিপিং মাস্টার, উপ-শিপিং মাস্টার এর দপ্তর, সরকারি সমুদ্র পরিবহন অফিস
- ৩) সহকারী শিপিং মাস্টার, সহকারী শিপিং মাস্টার এর দপ্তর, সরকারি সমুদ্র পরিবহন অফিস
- ৪) অফিস তত্ত্বাবধায়ক, প্রশাসন শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস
- ৫) উচ্চমান সহকারী, প্রশাসন শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস
- ৬) উচ্চমান সহকারী, রোস্টার শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস [এবং বিজ্ঞপ্তির এককপি লেমিনেটিং সহকারে নোটিশ বোর্ডে সংযুক্ত করবেন]
- ৭) উচ্চমান সহকারী, সিডিসি শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস
- ৮) উচ্চমান সহকারী, শিপিং শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস
- ৯) সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, শিপিং মাস্টার এর দপ্তর, সরকারি সমুদ্র পরিবহন অফিস
- ১০) সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, সিডিসি শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস
- ১১) অফিস সহকারী, সিডিসি শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস
- ১২) অফিস সহকারী, সিডিসি শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস
- ১৩) অফিস সহকারী, রোস্টার শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস
- ১৪) অফিস সহকারী, প্রশাসন শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস
- ১৫) অফিস সহকারী, শিপিং শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস [নোটিশটি ওয়েবসাইট প্রদান করবেন)]
- ১৬) অফিস সহকারী, শিপিং শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস